গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২১.০৩.০২০.২৬- ২৫৩

তারিখঃ ২২ মাঘ ১৪৩২
০৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়ঃ সরকারি ছুটির দিন এবং সূর্যাস্তের পর 'গার্ড অব অনার' প্রদান না করা সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারাগারের নিরাপত্তা ও শৃঙ্খলা এবং রাষ্ট্রীয় প্রটোকল যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক। প্রচলিত নিয়ম ও প্রটোকল অনুযায়ী, সাধারণ ও নির্বাহী আদেশে ঘোষিত সরকারি ছুটির দিনগুলোতে কারাগারে প্রথাগত 'গার্ড অব অনার' প্রদান করা যাবে না।

খ। 'গার্ড অব অনার' একটি রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা যা দিনের আলোর সাথে সংশ্লিষ্ট। ফলে, সূর্যাস্তের পর (সন্ধ্যা কালীন সময়) কোন অবস্থাতেই কোন পরিদর্শক বা ভিআইপিকে 'গার্ড অব অনার' প্রদান করা যাবে না।

উপরোক্ত নির্দেশনা সমূহ **অত্যন্ত জরুরী রাষ্ট্রীয় প্রয়োজন বা বিশেষ সরকারি নির্দেশনা** ব্যতীত কঠোরভাবে অনুসরণ করতে বলা হলো।

৫/২/২৬
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ:

১. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা/কারাগার।
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫. প্রশাসনিক কর্মকর্তা (সকল) /বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন, উন্নয়ন ও আইন)/পরিসংখ্যানবিদ, অধিদপ্তর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল) ও কারা উপ মহাপরিদর্শক (সকল)মহোদয়ের সদয় অবগতির জন্যে।
৯. গার্ড ফাইল।